দৈনিক

বরাবর,

অফিসার ইনচার্জ
কোতয়ালী মডেল থানা
এস.এম.পি, সিলেট।

বিষয়ঃ অভিযোগ।

দরখাস্তকারীঃ ইয়াসমিন চৌধুরী (৫২), পিতা- মৃত আব্দুল মুকিত, স্থায়ী ঠিকানাঃ সাং- ব্রাক্ষনগ্রাম, আলীনগর,
থানা- বিয়ানীবাজার, [redacted] আম্বরখানা, ..........বাদীনি।
থানা- কোতয়ালী, জেলা- সিলেট।..........

বনাম

১। এমদাদুল হক চৌধুরী (৫৫), পিতা- মৃত আং হান্নান চৌধুরী, সাং- ব্রাক্ষনগ্রাম, আলীনগর, থানা-বিয়ানীবাজার, জেলা-সিলেট, ২। তোফায়েল আহমদ, পিতা- নিয়ামত আলী, ঠিকানাঃ শাহপরাণ উপশহর, খাদিমপাড়া, থানা- শাহপরান (রহঃ), জেলা-সিলেট, ৩। এনামুল হক চৌধুরী (৬০), পিতা- মৃত আব্দুল খালিক চৌধুরী, সাং- ব্রাক্ষনগ্রাম, আলীনগর, থানা- বিয়ানীবাজার, জেলা-সিলেট, ৪। সালেহ আহমদ খসরু (৬৫), পিতা- অজ্ঞাত, সাং- কলবাখানী, ইলেকট্রিক সাপ্লাই, থানা- এয়ারপোর্ট, জেলা-সিলেট।..........বিবাদীগণ।

জনাব,

বিনীত নিবেদন এই যে, আমি নিম্ন স্বাক্ষরকারী একজন ইংল্যান্ড প্রবাসী বাংলাদেশী, দেশপ্রেমিক, লোকবলহীন ও মানবাধিকার কর্মী হই। বাংলাদেশে আমি আমার "আমকারিজা ফাউন্ডেশন ও লাভদেশ" নামের একটি এনজিও পরিচালনা করে আসছি। বিগত বন্যা পরিস্থিতিকে কেন্দ্র করে আমি অসহায় মানুষদের পাশে দাঁড়ানোর জন্য আমার মেয়ে আম্বার চৌধুরী কে (২১) নিয়ে বাংলাদেশে আসি এবং আমার মৌরসী মালিকানাধীন ৩৭/৩৮ দর্শনদেউড়ী, আম্বরখানা, সিলেটস্থ বাসায় আমার উক্ত এনজিও এর অফিস পরিচালনা করে আসছি। বিগত ০৬/০৭/২০২২ইং তারিখে আমি আমার মেয়েকে বাংলাদেশে নিয়ে আসি। আমার বাবার মৃত্যুর পর আমাদের এজমালী বিষয় সম্পত্তি নিয়া আমাদের উত্তরাধিকারীগণের মধ্যে একটু মনোমালিন্য থাকার সুযোগে উপরোক্ত বিবাদীগণ আমার মা, ভাই, বোনদের উস্কানি দিয়ে ও আমাদের বিরোধের সুযোগে আমাকে ও আমার মেয়েকে নানা রকম হয়রানী, হুমকি, ভয়ভীতি, প্রদর্শন করে আসছে। বিবাদীগণ হিংস্র, রাজনৈতিক ভাবে প্রভাবশালী, ধনেজনে বলিয়ান সংঘবদ্ধ চক্র হওয়ায় তাহারা আমাকে আমার দেশ সম্পর্কে খারাপ ধারনা দিত ও এদেশ আমার জন্য নিরাপদ না বুঝাইতে বিভিন্ন সময় বিভিন্ন রকম নির্যাতন করেই চলছে। ২০১৯ ইংরেজী সনেও আমি যখন দেশে আসি তখন বিবাদীগণের যোগসাজসে ৪নং বিবাদী সালেহ আহমদ খসরু জোরপূর্বক ধর্ষন করার চেষ্টা করে ও এনিয়ে কথা বললে আমাকে প্রাণে মেরে ফেলার হুমকি দিলে আমি প্রাণ ভয়ে ইংল্যান্ড চলে যাই। পরবর্তীতে আমি দেশে এসে জি.ডি. এন্ট্রি করি, যাহার জি.ডি. নং-৭১৫/২০২২ইং এবং বিয়ানীবাজার থানার জি.ডি. নং-৪২৭, তারিখ- ০৯/০৭/২০২০ইং। বর্তমানে আমি দেশে আসার পর বিভিন্ন পত্র পত্রিকা স্যোসাল মিডিয়া ও ইলেকট্রনিক মিডিয়ায় আমার নামে মিথ্যা সংবাদ প্রচার করে আমার মানহানীর চেষ্টা করে এবং বিগত ০৪/০৮/২০২২ইংরেজী তারিখে অফিসের কাজে ঢাকায় গেলে বিবাদীগণ আমার অফিসের তালা ভেঙ্গে আমার অফিসে ঢুকে এবং অফিসের মালপত্র সহ কাগজপত্র লুটপাট করে নিয়ে যায়। আমি ঢাকা থেকে এসে আমার অফিস লন্ডভন্ড দেখিয়া জিজ্ঞাসা করিলে তাহারা আমাকে এই অফিস নিয়ে কথা বললে প্রাণ নাশের হুমকি দেয়। বিবাদীগণ জাল যোগাযোগী কাগজাত সৃষ্টি করে আমাদের উত্তরাধিকারীদের মধ্যে বিরোধের সুযোগ নিয়ে সম্পূর্ণ অন্যায় ভাবে জোর পূর্বক আমার অফিসে হামলা চালায়। বিবাদীদের এহেন আচরণে আমি ও আমার মেয়ে জীবনের নিরাপত্তাহীনতায় ভুগছি বিধায় তাহাদের বিরুদ্ধে তড়িৎ গতিতে আইনগত ব্যবস্থা গ্রহণ করা আবশ্যক।

অতএব প্রার্থনা যে, এ ব্যাপারে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণে আপনার সদয় মর্জি হয়।

২০৭৯
20/08/22
Mishkat
SI
20/08/22

[redacted]

তারিখঃ
10 August 2022.